



আন্তর্জাতিক সুরক্ষা(IPO 1) এর জন্য আবেদনকারীদের তথ্য পুস্তিকার 4 নং সংযোজন

তথ্য বিজ্ঞপ্তি

আন্তর্জাতিক সুরক্ষা আইন 2015 এর ধারা 50 অনুসারে জোরপূর্বক প্রত্যাবর্তন বিবেচনায় নিষেধাজ্ঞার সময়সূচী বিষয়ক তথ্য।

পহেলা জানুয়ারি 2020 থেকে, নতুন আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারীদের জন্য ধারা 50 (জোরপূর্বক প্রত্যাবর্তনে নিষেধাজ্ঞা) বিবেচনা শুধুমাত্র তখনই গ্রহণ করা হবে যদি 2015 সালের আইনের ধারা 51(1)(a)থেকে (c)এর অধীনে নির্ধারিত মানদণ্ড কোনো ব্যক্তির জন্য প্রযোজ্য হয়, উদাহরণস্বরূপ যেখানে মন্ত্রী-

(a)কোনো শরণার্থীর জন্য বিবৃতি দেওয়া এবং সেই ব্যক্তিকে একটি সম্পূরক সুরক্ষা দেওয়ার বিষয়ধারা 47এর মাধ্যমে অস্বীকার করেছেন, এবং

(b)মেনে নিয়েছেন যে ধারা 48(5) সেই ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হয় না, এবং

(c)ধারা 49(4) অনুযায়ী সেই ব্যক্তিকে কোনো অনুমতি দিতে অস্বীকার করেছেন।

কোনো আবেদনকারীকে ধারা 49 এর অধীনে রেখে দেওয়া হবে কিনা এরপ বিবেচনার ক্ষেত্রে জোরপূর্বক প্রত্যাবর্তনে নিষেধাজ্ঞার বিষয়ে এখন থেকে মন্ত্রী ধারা 50 অনুসারে আর কোনো মন্তব্য করবেন না।

এক্ষেত্রে, যদি ধারা 50 বিবেচনায় দেখা যায় যে ধারা 50(1)প্রযোজ্য হয়েছে তবে একটি চিঠি পাঠিয়ে সেই ব্যক্তিকে জানানো হবে যে তাদেরকে ধারা 50(4)অনুযায়ীথেকে যাওয়ার অনুমতি দেওয়া হয়েছে। কিন্তু ধারা 50 বিবেচনায় যদি দেখা যায় যে ধারা 50(1)প্রযোজ্য হয়নি তবে 2015 সালের আইনের ধারা 51(3) অনুসারে নির্বাসন আদেশের বিজ্ঞপ্তিসহ সেই ব্যক্তির কাছে ধারা 50 অনুযায়ী একটি প্রতিবেদন পাঠানো হবে।